



ডোমার (নীলফামারী) : সদর উপজেলার ২নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একটি পরিত্যক্ত ভবন -ইত্তেফাক

ডোমারে শতাধিক প্রাইমারী স্কুলের কয়েক লাখ টাকার সম্পদ পরিত্যক্ত অবস্থায়

ডোমার (নীলফামারী) থেকে সংবাদদাতা ১১ ১৩২টি সরকারী ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের কয়েক লাখ টাকা মূল্যের সম্পদ পরিত্যক্ত অবস্থায় রয়েছে। এজন্য কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না বলে অভিযোগ রয়েছে। উপজেলার ১০টি ইউনিয়নে গত ১১ বছরে এলজিইডি থেকে মোট ১৩২টি সরকারী ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়কে পাকাকরণ করা হয়। পাকাকরণের ফলে সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের পুরাতন পাকা ভবন এবং রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়সমূহের সেমিপাকা টিনের

ঘর পরিত্যক্ত হয়ে যায়। দীর্ঘদিন পড়ে থাকায় অনেক বিদ্যালয় পরিচালনা কমিটি টিন, কাঠ খুলে নিজেরাই আঙ্গাং করে বলে অভিযোগ রয়েছে। অনেক বিদ্যালয়ের মালামাল রাতের অন্ধকারে খোয়া যায়। পাকা ভবনসমূহের দরজা-জানালা খোয়া যাওয়া ছাড়াও ইট খুলে নেয়ার অভিযোগ রয়েছে। বিদ্যালয়ের পরিত্যক্ত সম্পদ নিলামে বিক্রি করে আরো কয়েকটি বিদ্যালয় পাকাকরণ সম্ভব হলেও শিক্ষা মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট নীতিমালার অভাবে পরিত্যক্ত মালামালসমূহ বিক্রয় বা নিলাম করা সম্ভব হচ্ছে না বলে সংশ্লিষ্ট দপ্তর সূত্রে জানা গেছে।